ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০৭৬

সোনামুড়া, ১ আগস্ট, ২০২৫

**বক্সনগরে বনমহোৎসব অনুষ্ঠিত**

সম্প্রতি বন দপ্তরের উদ্যোগে এবং বক্সনগর দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের সহযোগিতায় বক্সনগর দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে বনমহোৎসব ও সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্সনগর ফরেষ্ট রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক সুকুমার দেববর্মা উপস্থিত ছিলেন। অন্যান্য অতিথি হিসাবে বক্সনগর জেএফএম কমিটির সভাপতি কাউচার আহমেদ, সমাজসেবী কুশেদ আলম সহ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণ এবং বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আলোচনায় বক্তাগণ বন সংরক্ষণের প্রয়োজনীয়তা, জলবায়ু পরিবর্তনের মোকাবিলা এবং আগামী প্রজন্মের জন্য একটি সবুজ ও সুন্দর পৃথিবী গড়ে তোলার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠান শেষে অতিথিগণ, শিক্ষক-শিক্ষিকাগণ ও ছাত্রছাত্রীরা সম্মিলিত ভাবে বিদ্যালয় চত্বরে বিভিন্ন গাছের চারা রোপন করেন।

******